المقررات المفيدة

لتعليم اللغة العربية




محي الدين الفاروقي

خادم لغة القرآن والسنة

مركز اللغة العربية بنغلاديش

(خدمة لغة القرآن والسنة شرف لنا)



المقررات المفيدة

لتعليم اللغة العربية

লেখক : মহিউদ্দীন ফারুকী

প্রথম প্রকাশ
শাওয়াল ১৪৪৪ হি. / মে ২০২৩ ইং


প্রকাশক
দারুল আরাবিয়্যাহ
মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ
ওয়াশপুর, মোহাম্মদপুর, ঢাকা
০১৯২৩৬২৩৬৮৩ ,০১৭৩৬২১১২৫২

প্রচ্ছদ ও অঙ্গসজ্জা
মাওলানা ইমরান হাসান
উসতায : মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ

মূল্য : ৩৫০/-

الإهداء

أهدي هذا الكتاب إلى روح أبي -رحمهُ الله تعالى رحمةً واسعة- الذي علّمني الأبجدية العربية فأحسن تعليمي، وإلى أمي الغالية -حفِظَها الله تعالى وبارَكَ في حياتها- التي أدبتني وربتني فأحسنت تأديبي وتربيتي.



الفهرس الإجمالي




الفهرس التفصيلي

বিস্তারিত সূচি



এই বইটি মুবতাদি থেকে মুতাকাদ্দিম বা বেসিক থেকে এডভান্স এমন করে সাজানো হয়নি, বরং বইটি মূলত খণ্ডকালীন কোর্সের জন্য প্রস্তুত করা হয়েছে। এর লক্ষ্য হচ্ছে, ছোট সময় থেকে আমরা যা শিখেছি তা কাজে লাগিয়ে একটি শক্তিশালী অবস্থান তৈরী করা। একটি মজবুত ভিত সৃষ্টি করা। আমাদের দৃঢ় বিশ্বাস এই কিতাবের মাধ্যমে একজন ছাত্রের মনে আরবির যে ভয় রয়েছে, তা সে খুব সহজেই দূর করতে পারবে ইনশাআল্লাহ।






কিছু কথা

আলহামদুলিল্লাহ।

আল্লাহ তাআলার শুকরিয়া আদায় করছি। সব কাজ তাঁর তাওফীকেই সমাপ্ত হয়। এবং তাঁর রহমতেই সকল কর্মে বরকত হাসিল হয়। আল্লাহ তাআলা আমাদের এই কাজেও বরকত দান করুন। এই কাজকে উপকারী হিসেবে কবুল করুন। আমিন।

মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ প্রতিষ্ঠাকাল থেকেই কুরআন ও সুন্নাহর ভাষা আরবির ব্যাপক প্রচার, প্রশিক্ষণ এবং সকলের জন্য সহজভাবে তা উপস্থাপনের বিষয়টি গুরুত্বের সাথে গ্রহণ করেছে। সে হিসেবে নিয়মিত বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহর বিভিন্ন প্রশিক্ষণ কোর্সসহ মাদরাসার তালিবুল ইলমদের আরবি ভাষা প্রশিক্ষণের জন্য এই কিতাবটি প্রণয়ন করা হয়েছে। তবে প্রশিক্ষণ কোর্স ছাড়াও দরসিভাবে কিতাবটি থেকে এস্তেফাদাহ করার এবং উপকৃত হওয়ার সুযোগ রয়েছে।


এই কিতাবটিতে সম্পূর্ণ আরবি ভাষা চলে আসেনি। এমনকি এই কিতাব আরবি ভাষার সব বিষয়ের বিশাল ভাণ্ডারও নয়। **এটি বরং অল্প সময়ে তালিবুল ইলমদেরকে আরবি ভাষার বিভিন্ন বিষয়ের সাথে পরিচয় করিয়ে দেওয়ার একটি সহজ উপায়। আরবি ভাষা না পারার যে ভয় এবং শঙ্কা সকলকে আতঙ্কগ্রস্ত করে রেখেছে, সে ভয় ও শঙ্কা থেকে উত্তরণের একটি সহজ ব্যবস্থাপনা মাত্র। সেই সাথে এই কিতাবকে আধুনিক আরবির প্রাথমিক পাঠ বলা যেতে পারে।** তালিবুল ইলমরা এখানে অনেক আধুনিক শব্দ, বাক্য ও ব্যবহার শেখার সুযোগ পাবে। আরবিতে বক্তৃতা ও উপস্থাপনার কলাকৌশলসহ প্রস্তুতকৃত কয়েকটি উপস্থাপনা, বক্তৃতা ও জুমার খুতবা পাবে। লেখায় ও বলায় শব্দ-বাক্য ব্যবহারে প্রচলিত অনেক ভুল থেকে বাঁচার দিক নিকনির্দেশনা পাবে। এক কথায় **"আরবি পারি না"** এই ভয়-সমুদ্র থেকে উঠে দাঁড়িয়ে সাহস ও আনন্দের সাথে সামনে এগিয়ে যাওয়ার প্রেরণা পাবে।

মূলত আমাদের প্রত্যাশা, তালিবুল ইলমরা দাওরায়ে হাদিস থেকে ফারাগাতের পর আরবি চর্চা শুরু না করে বরং প্রাথমিক জামাতগুলোতে পড়ার সময় থেকেই ব্যাপকভাবে আরবি চর্চার সাথে নিজেদের সম্পৃক্ত রাখবেন। দাওরার পূর্বেই তাদের প্রাথমিক মৌলিক আরবি ও যোগাযোগের আরবির একটি ভিত তৈরী হয়ে যাবে। সেই 'رأس المال' বা পুঁজি নিয়ে পরবর্তীতে এ বিষয়ে আরও বেশি যোগ্যতা এবং দক্ষতা অর্জনে ভাষা বা আদব বিভাগে অধ্যয়নের মাধ্যমে বিশেষভাবে কিছু সময় দিবে। কিছু মেধাবী ও মুমতায তালিবুল ইলম এই ফনকে নিজেদের তাখাসসুসের বিষয় বানিয়ে নিবে। আরবি ভাষা চর্চায় নিজের জীবনকে ওয়াকফ করবে। এ ভাষার খেদমতে নিজেদেরকে উৎসর্গ করবে।


আল্লাহ তাআলা আমাদের ক্ষুদ্র এই খেদমতকে কবুল করুন। আরবি ভাষা চর্চা ও খেদমতে আমাদেরকে লেগে থাকার তাওফীক দিন। সমস্ত কাজে বরকত দান করুন। আমীন।

যেহেতু পাঠ্যপুস্তক বা সিলেবাস প্রণয়ন একটি দীর্ঘমেয়াদি চলমান প্রক্রিয়া তাই আধুনিক ও ব্যবহারিক আরবি ভাষা চর্চায় প্রাথমিক স্তরের জন্য কিতাবটিকে আরও সমৃদ্ধ ও সুন্দর করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। অতএব আরবি ভাষা শিক্ষার্থী, শিক্ষক ও গবেষকগণ তাদের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদান করলে পরবর্তী সংস্করণে তা সংযোজন করে কিতাবটিকে আরও সমৃদ্ধ করার সুযোগ পাবো ইনশাআল্লাহ।

এবারের প্রকাশনাটি প্রস্তুতিমূলক প্রকাশের পর পরিমর্জিত প্রথম প্রকাশ। তাই ভুল কিছুটা কম। তবে মানুষ হিসেবে ভুল-ত্রুটি থাকাই স্বাভাবিক। অতএব ভুল কিছু পেলে আমাদের জানালে কৃতজ্ঞ থাকবো। কিতাবটি থেকে সকলেই সার্বিকভাবে উপকৃত হবেন সেই প্রত্যাশা করছি। সকলের নিকট মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহর কামিয়াবি ও সফলতার জন্য বিশেষ দুআ প্রার্থনা করছি। আল্লাহ তাআলা আমাদের সবাইকে কবুল করুন। আমীন।



মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ



প্রশিক্ষণ কোর্স বিষয়ে কয়েকটি কথা

কোর্স বিষয়ে কয়েকটি কথা বলে রাখা প্রয়োজন। মূলত একটি কোর্স কখনোই কোনো প্রশিক্ষণার্থীকে তার অভিষ্ট লক্ষ্যে পৌঁছাতে পারে না। তাকে সেই বিষয়ে বিশেষজ্ঞ করে তুলতে পারে না। তবে তাকে তার লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করে। একটি কোর্স একজন প্রশিক্ষণার্থীর যোগ্য হিসেবে গড়ে ওঠার এক অনন্য উপায়। সংক্ষেপে আমরা বলি একটি কোর্স 'إراءة الطريق' করতে পারে অর্থাৎ পথ দেখাতে পারে 'إيصال إلى المطلوب' বা গন্তব্যে পৌঁছে দিতে পারে না।

তবে একটি কোর্সের মাধ্যমে, দশ-পনের দিনে অথবা এক মাসে একজন ছাত্র আরবির ভয় কাটিয়ে উঠতে পারবে। এর মাধ্যমে তার আরবি বলা ও লেখার সাহস হবে। সে সামনে আরও বেশি শেখার আগ্রহ পাবে। আনন্দের সাথে সাথে তার হৃদয়ে দৃঢ় প্রত্যয় জেগে উঠবে। বিভিন্ন কোর্সে, তালিমী মুরুব্বির পরামর্শ এবং অভিজ্ঞ শিক্ষকের তত্ত্বাবধানে মেহনত করতে করতে একটি সন্তোষজনক অবস্থানে পৌঁছতে সক্ষম হবে ইনশাআল্লাহ।

কোর্স থেকে যথাযথ উপকৃত হতে হলে:

আরবি ভাষা ভালোভাবে শিখতে হলে শুধু কোর্সে অংশগ্রহণ করলেই চলবে না; বরং যেকোনো কোর্স থেকে যথাযথ উপকৃত হতে হলে কিছু বিষয়ের ব্যাপারে সচেতন ও সজাগ থাকতে হবে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে :

এক. সম্পূর্ণ কোর্সে উপস্থিত থাকতে হবে। প্রতিটি দরসকেই সমান গুরুত্ব দিতে হবে।

দুই. মনযোগ দিয়ে দরসে বসতে হবে। কোনোভাবেই কোর্সের দরসগুলোতে অন্যমনস্ক হওয়া যাবে না।

তিন. কোর্স পরিচালনারত প্রশিক্ষকদের সকল পরামর্শ ও নির্দেশনা যথাযথ মানতে হবে। বিশেষত কোনো **'আমালে মানযিলি'** বা বাড়ির কাজ দিলে তা সম্পাদন করে জমা দিতে হবে। এই বিষয়ে 'তাসাহুল' ও শিথিলতা করলে শুধু কোর্স নয়; বরং জীবনের কোনো দরস থেকেই ফায়দা হাসিল করা যাবে না।

চার. কোনোভাবেই সময় নষ্ট করা যাবে না। পুরো সময়টাই আরবি শেখায় ব্যয় করতে হবে। অনেকে এই অল্পসময়ের কোর্সে ভর্তি হয়েও বিভিন্নভাবে সময় নষ্ট করে। এটি কোনোভাবেই উচিত নয়। প্রিয় তালিবুল ইলম! এমন কাউকে তুমি পেলে তার থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখবে।

পাঁচ. সবসময়, সবজায়গায় চর্চার সুযোগ পাওয়া যায় না। কোর্সে সবাই আরবি শিখতেই এসেছে। সবার লক্ষ্য এক, উদ্দেশ্য এক। তাই এই সুযোগটাকে কাজে লাগিয়ে প্রচুর তামরীন ও চর্চায় মনোনিবেশ করতে হবে। তামরীন ও মুমারাসার মাধ্যমে ভাষা বেশি আত্মস্থ হয়। ভাষাকে খুব ভালোভাবে রপ্ত করা যায়।

ছয়. প্রতিটি দরস শেষে সময় পেলেই নিজে নিজে দ্রুত দরসটি পড়ে নিতে হবে। একজন সাথির সাথে মুজাকারা করতে হবে। কোথাও বুঝে না আসলে সঙ্গে সঙ্গে উসতাযের নিকট থেকে বুঝে নিতে হবে। এক্ষেত্রে বিলম্ব করলে অনেক কিছুই অস্পষ্ট থেকে যাবে।

সাত. মনে রাখতে হবে-এই কোর্সই শেষ কোর্স নয়। সবেমাত্র শুরু হলো। তাই পরিশ্রম ও মুজাহাদার ধারা অব্যাহত রাখতে হবে। সুযোগ পেলেই কোথাও আরেকটি কোর্স করে নিতে হবে। বিভিন্ন কোর্স থেকে বিভিন্ন রকমের স্বাদ গ্রহণ করা যায়। সবার ভালো দিকগুলো দিয়ে নিজের আরবি দক্ষতাকে আরও সমৃদ্ধ করতে হবে।

আট. কিতাবে দেওয়া সবগুলো বিষয় ভালোভাবে হিফজ করে নিতে হবে। মাঝে মাঝে তা 'মুরাজাআ'হ' করতে হবে অর্থাৎ পূর্বের পড়া হিসেবে তা মাঝে মাঝেই পড়তে হবে।

নয়. আরবি ভাষা কুরআন ও সুন্নাহর ভাষা। দ্বীনের ভাষা। তাই আরবি শেখার সময় দ্বীনি মনোভাব নিয়ে শিখতে হবে। আমল বৃদ্ধিতে সচেষ্ট হতে হবে।

দশ. পরিশ্রম ও মুজাহাদার সঙ্গে আল্লাহ তাআলার নিকট সফলতার দুআ করতে হবে। সবকিছু যেন তিনি সহজ করে দেন সেই প্রার্থনা করতে হবে।

আল্লাহ তাআলা আমাদের সবাইকে সকল দিকনির্দেশনাগুলো মানার তাওফীক দান করুন। কোর্স থেকে যথাযথ উপকৃত হওয়ার বিষয়টি সহজ করে দিন। আমীন।

প্রিয় তালিবুল ইলম! এছাড়াও প্রতিটি কোর্সে সেই প্রতিষ্ঠানের প্রশিক্ষকবৃন্দ বিভিন্ন পরামর্শ ও দিক-নির্দেশনা দিবেন। সেগুলো অবশ্যই মেনে চলার চেষ্টা করতে হবে। বিশেষত প্রতিষ্ঠানের নির্দিষ্ট নিয়ম-কানুনের প্রতি সজাগ দৃষ্টি দিতে হবে। তাহলে আশা করা যায় খুব ভালো উপকৃত হওয়া যাবে ইনশাআল্লাহ।



প্রশিক্ষণ কোর্স পরিচালনার নমুনা রুটিন

আলহামদুলিল্লাহ, ইতোমধ্যে অনেক প্রতিষ্ঠানে এই কিতাবটিকে সপ্তাহে একদিন বা দুইদিন অথবা বছরের প্রথম ফাতরাহ বা সেমিস্টারের সিলেবাসে রেখে পাঠদান করা হচ্ছে। সকলেই অনেক উপকৃত হচ্ছেন বলে অভিমত জানিয়েছেন। ওয়ালিল্লাহিল হামদ।

মূলত কিতাবটি তিনমাসের ধারাবাহিক পাঠদান ও অধ্যবসায়ের জন্য প্রস্তুত করা হয়েছে। কেউ যদি সঠিক পদ্ধতিতে যথাযথ পরিশ্রম করে, তাহলে সে কাঙ্ক্ষিত ফল পাবে। তার আরবি ভাষার ভীতি কেটে যাবে। অল্প সময়ে খুব ভালোভাবে আরবি বলতে ও বুঝতে পারবে ইনশাআল্লাহ।

মারকাযের মতো অনেক প্রতিষ্ঠান শা'বান ও রমজানের কোর্সে এই কিতাবটিকে পড়াতে চায়। সে সমস্ত প্রতিষ্ঠানের কোর্সটি সহজভাবে পরিচালনার সুবিধার্থে আমরা একটি রুটিন প্রস্তাব করে দিচ্ছি। প্রত্যেক প্রতিষ্ঠান তাদের সার্বিক দিক বিবেচনায় এই রুটিনকে সামনে রেখে নিজেদের মত করে রুটিন সাজাতে পারবেন।

বাদ ফজর : হিফজুল আদই'য়াহ ওয়াননুসূস। এক্ষেত্রে দশ পনের মিনিট হিফয করার পর শিক্ষকবৃন্দ ছাত্রদের থেকে একজন একজন করে শুনতে শুরু করবেন। শোনার সময় উচ্চারণ ও ই'রাবের বিশুদ্ধতার দিকটি অবশ্যই খেয়াল রাখবেন। অবশ্যই সকলের শোনা নিশ্চিত করবেন।

নয়টা পর্যন্ত : ইস্তেরাহা, গোসল, নাস্তা এবং দরসে বসার প্রস্তুতি।

নয়টা থেকে জোহর পর্যন্ত : এক ঘন্টা করে মুফরাদাত ও মুকালামাহ, কিরাআহ ও কাওয়ায়েদ।

বাদ জোহর : হিফযুল মুফরাদাত ও হিফযুত তাবীরাত।

বাদ আসর : যার যার মতো করে মুকালামাহ করবে। অথবা নিজেদের প্রয়োজনীয় কাজ করবে। একটু ঘুরাফেরা করবে।


বাদ মাগরিব থেকে নয়টা পর্যন্ত : প্রথম তিন দিন বা পাঁচদিন মাহারাতুল ইলকা বা উপস্থাপনা ও বক্তৃতা বিষয়ক প্রশিক্ষণ চলবে। এরপর থেকে প্রতিদিন বক্তৃতা ও উপস্থাপনা চলবে।

বাদ এশা : বাদ এশা তাড়াতাড়ি ঘুমিয়ে পড়বে। ভালোভাবে ঘুমালে পরদিন সব কাজ খুব সুন্দরভাবে করা সহজ হবে ইনশাআল্লাহ।

এছাড়া অল্পসময়ে কোর্স দ্বারা তালিবুল ইলমদের উপকৃত করতে হলে উসতাযদেরকে খুব বেশি আরবি বলতে হবে। স্বাভাবিক সময়গুলোতে সকলকে আরবি বলায় অভ্যস্ত রাখতে হবে। আরবি মুকালামাহ করার জন্য দুজন দুজন বা কয়েকজন করে গ্রুপ করে দিতে হবে। যেহেতু সময় অল্প তাই কোনোভাবেই যেন তা নষ্ট না হয় সেদিকে কোর্স পরিচালকসহ সকল শিক্ষককে সমান দৃষ্টি রাখতে হবে। সময়কে পূর্ণ কাজে লাগাতে হবে।

অন্যদিকে কোনো প্রতিষ্ঠান যদি হেদায়াতুন্নাহু থেকে দাওরা পর্যন্ত ছাত্রদের আরবিতে পারদর্শী করতে চায় অথবা পুরো মাদরাসায় আরবির পরিবেশ সৃষ্টি করতে চায় তাহলে তারা বছরের যেকোনো সময় এক ঘন্টা করে লাগাতার দুই সপ্তাহ, সুযোগ হলে এক মাস এবং পরে সপ্তাহে একদিন বা দুইদিন করে সারা বছর কিতাবটি পড়াতে পারেন। এতে মাদরাসার সকল ছাত্ররাই উপকৃত হবে। পুরো মাদরাসায় আরবি পরিবেশ সৃষ্টির পাশাপাশি পড়াশোনায় একটি পরিবর্তন আসবে। সকলের সার্বিক অবস্থা আগের তুলনায় অনেক ভালো হবে ইনশাআল্লাহ।

এক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আমাদের সাথে যোগাযোগ করলে আরও বিস্তারিত আলোচ-না করা যাবে। একদিনের কর্মশালার মাধ্যমে ছাত্রদেরকে আরবি শেখায় আগ্রহী করা যাবে। এছাড়া প্রয়োজন হলে প্রথম পনের দিনের জন্য শিক্ষক পাঠানোর ব্যবস্থা করা হবে।





কিতাবটি পাঠদানে লক্ষ্যনীয়

সম্মানিত প্রিয় শিক্ষক!

ভাষাদক্ষতা প্রশিক্ষণের উদ্দেশ্যে কিতাবটি রচনা করা হয়েছে। তাই দক্ষতা প্রশিক্ষণের দিকেই শিক্ষককে মনোনিবেশ করতে হবে। আরবি চর্চার বিষয়ে অধিক গুরুত্ব দিতে হবে। খুব বেশি কাওয়ায়েদ বা ব্যাকরণের আলোচনা করার প্রয়োজন নেই। যতটুকু না বললেই নয়, ততটুকু বুঝিয়ে দিলেই চলবে ইনশাআল্লাহ।

কিতাবে সবগুলো ভাষাদক্ষতার আলোচনাই এসেছে। শিক্ষককে প্রত্যেকটি দক্ষতা শিক্ষাদানের সময় সেই দক্ষতা পাঠদানের সার্বিক দিক বিবেচনা করে পাঠদান করতে হবে।

নিচের বিষয়গুলো লক্ষ্য রেখে পাঠদান করলে পাঠদান আরও প্রাণবন্ত হবে ইনশাআল্লাহঃ

এক. ভাষা শেখার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো, ভাষা বলতে বা লিখতে পারা। অর্থাৎ ভাষাটাকে প্রকাশ করতে পারা। তাই ছাত্ররা শুধু শব্দের বা বাক্যের অর্থ বুঝলেই হবে না, তা প্রকাশ করতে সক্ষম হতে হবে। সেজন্য কিতাবের শব্দ, বাক্য, তাবীরগুলো বুঝা নয়, বরং স্পষ্ট আওয়াজে পড়িয়ে হিফয করাতে হবে। বার বার বলাতে হবে। প্রশ্নের উত্তরগুলো বলার সাথে সাথে লেখাতে হবে।

দুই. মুকালামাহ বা কথোপকথনের বিষয়টি ভাষা শেখার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই মুকালামাহ পড়ানোর সাথে সাথে এর জন্য একটি নির্দিষ্ট সময় রাখতে হবে। শিক্ষককে সামনে থেকে তদারকি করতে হবে। বেশি বেশি মুকালামাহ করাতে হবে।

তিন. হেদায়াতুন্নাহু থেকে উপরের যেকোনো জামাতে ছাত্রদেরকে অন্তত তিন মাস কিতাবটি পরিকল্পিতভাবে পাঠদান করলে তাদের আরবির ভয় কেটে যাবে। অন্যান্য কিতাব বুঝতে সহজ হবে। পুরো মাদরাসায় আরবির পরিবেশ সৃষ্টি হবে।


চার. কিতাবটি পড়ানো শেষ হয়ে গেলে প্রতিনিয়ত তা আবার মুরাজাআহ করাতে হবে। এতে ভাষাদক্ষতা আরও শক্তিশালী হবে।

পাঁচ. সপ্তাহে একদিন উপস্থাপনা ও বক্তৃতার বিষয়গুলো মুখস্থ করিয়ে অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে তা চর্চা করাতে হবে। উপস্থাপনা ও বক্তৃতায় অভ্যস্ত হতে পারলে তালিবুল ইলমের মাঝে একটি শক্তি সঞ্চার হবে। নিজের ভিতরে দৃঢ় প্রত্যয় সৃষ্টি হবে। আরবি বলতে ও লিখতে আগ্রহ বোধ করবে।


ছয়. ব্যবহারিক আরবিতে ছাত্রদেরকে দক্ষ করে তুলতে হলে "আরবি বান্ধব পরিবেশ" নিশ্চিত করতে হবে। একজন শিক্ষক চাইলে কাজটি সহজেই হতে পারে। আর এক্ষেত্রে প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে সর্বাগ্রে।

সাত. ছাত্রদের নিকট আরবি ভাষাকে সর্বাধিক প্রিয় ভাষা হিসেবে উপস্থাপন করতে হবে। আরবি ভাষা শেখার উপকারিতা তুলে ধরতে হবে।

আট. দরসে ভালো করতে হলে এবং ছাত্রদেরকে আরবি শেখায় ও কথা বলায় অভ্যস্ত করতে হলে শিক্ষককে আরবি বলতে হবে। আরবিতে বিভিন্ন নির্দেশনা দিতে হবে। দরসে বাংলার তুলনায় আরবি বেশি ব্যবহার করতে হবে। অধিক আরবি ব্যাবহারের মাধ্যমেই তালিবুল ইলমদের বেশি ফায়দা হবে। তারা আরবি বলায় ও ব্যবহার করায় উদ্বুদ্ধ হবে।







শিক্ষকদের ব্যবহারের জন্য
কিছু নির্দেশনাবাক্য

শ্রেণীকক্ষ নিয়ন্ত্রণে এবং শিক্ষার্থীদেরকে আরবি ভাষা পাঠদানে আরবিতে নির্দেশনাবাক্য ব্যবহার করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্দেশনাবাক্য আরবিতে ব্যবহার করলে ছাত্ররা সহজেই আরবি বলতে অভ্যস্ত হবে। তারা আরবি বলতে উৎসাহিত হবে। শিক্ষকের সুবিধার জন্য এখানে কিছু নির্দেশনাবাক্য প্রদান করা হল। এছাড়া "আরবি ভাষা পাঠদান পদ্ধতি" গ্রন্থে আরও বিস্তারিত প্রদান করা হয়েছে।

কেমন আছো তোমরা?	كيف الحال؟ كيف حالكم؟
তোমরা সবাই ভালো আছো?	هل أنتم بخير؟
দয়া করে বসো।	اجلِسْ مِن فَضلك!
তুমি আসনে বসো।	اجلِسْ فِي مَقعَدِك.
অমুক কোথায়?	أينَ فُلان؟
বোর্ডের দিকে তাকাও।	انظُرْ إلى السَّبُّورة.
হাত উঠাও।	ارفَعْ يدَك.
আওয়াজ উঁচু করো।	ارفَعْ صَوتَك.
কিতাব খোলো।	افتَحِ الكتابَ.
কিতাব বন্ধ করো।	أغلق الكتاب.
ভালো করে শোনো।	استمع جيدا.
আবার চেষ্টা করো।	حَاوِلْ مرةً أخرى.
প্রশ্নের উত্তর দাও।	أَجِبْ عنِ السؤال.
বুঝেছ? বুঝেছেন?	هل فَهِمْتَ؟ هلْ فَهِمتُم؟

আবার বলো।	أعِدْ مرةً أخرى.
এবারত শেষ করো।	أكْمِلِ العِبارةَ
তোমাদের কাগজ জমা দাও।	سَلِّموا أوراقَكُم
ক্লাসের কাজ শেষ করেছ?	هل انتهيتُم مِنَ العملِ المطلوب؟
বাড়ির কাজ শেষ করেছ?	هل أكملتم العملَ المنزلي؟
বিষয়টি বুঝেছ?	هل فهمتم الموضوع/الدرس؟
আওয়াজ বন্ধ করো।	التزموا الصمت/ الهدوء!
কে পড়বে?	مَن يَقرأُ؟
দয়াকরে বোর্ডটি মুছো।	امسحِ السبورةَ لو سمحت!
আজ কী বার?	أيُّ يومٍ هذا؟
আজ কত তারিখ?	كم التاريخ اليوم؟
আরবিতে বলো।	كلم باللغة العربية.
ভালো করেছ/বলেছ।	أحسنتَ.
চমৎকার এবং সুন্দর চিন্তা!	فكرةٌ رائعةٌ وجميلة!
দ্বিতীয়বার আর করবে না।	لا تفعلْ مرة أخرى.
কোন প্রশ্ন বা জিজ্ঞাসা আছে?	هل عندكم أي سؤال أو استفسار؟
বলো।	قُلْ/ تَكَلَّم.
আমার কথা শোনা যাচ্ছে?	هل تسمعونني؟
এখানেই রাখছি।	أكتفِي بهذا القَدَر.



ভাষা দক্ষতাগুলো কিভাবে শিখব?

আরবি ভাষা শেখার ক্ষেত্রে আমরা যে বিষয়টি বারবার বলছি তা হচ্ছে, এক দুটি কোর্স করে আরবি ভাষার সব দক্ষতা আয়ত্ত করা যাবে না। এর জন্য নিরলস সাধনা চালিয়ে যেতে হবে। শেখার যথাযথ পদ্ধতি অনুসরণ করে নিয়মিত পরিশ্রম করতে থাকলে ভাষার দক্ষতাগুলো আয়ত্ত করা সম্ভব ইনশাআল্লাহ। মনে রাখতে হবে, التعلم عملية مستمرة শেখা হচ্ছে একটি নিয়মিত ও ধারাবাহিক প্রক্রিয়া। অতএব ভাষা শেখার ক্ষেত্রে সফল হতে হলে ধারাবাহিক চর্চা চালিয়ে যেতে হবে। এজন্যই ধারাবাহিকতাকে সফলতার রহস্য হিসেবে বিবেচনা করা হয়েছে।

«الاستمرارُ هو سِرُّ النَّجاح، فاستمِرَّ فِيْ ممارسةِ العربيةِ، ولا تقِفْ عند حدٍّ مِنَ الحدُودِ.»

এই ধারাবাহিকতার বিষয়ে ইঙ্গিত করেই ইমাম ছাআলিবী (রহ.) বলেন, من أحب العربية، عني بها، وثابر عليها، وصرف همته إليها. যে আরবি ভালোবাসে অর্থাৎ শিখতে চায়, তার জন্য উচিত আরবিকে গুরুত্ব দেওয়া। **ধারাবাহিকভাবে তা শেখা।** এবং এর জন্য সর্বাত্মক চেষ্টা করা।

আমরা যদি আমাদের বাংলা ভাষার দিকে খেয়াল করি তাহলে দেখব যে, তা আমরা কয়েকদিনেই শিখে যাইনি। বরং দীর্ঘ একটা সময়ের মধ্য দিয়ে শিখে চলেছি। জন্মের পর থেকে শুনতে শুরু করেছি। এরপর একটু একটু বুঝতে ও বলতে শুরু করেছি। একটু বড় হয়ে পড়তে শুরু করেছি। কিছুদিন পর তা লিখতে শিখেছি। পৃথিবীর সব ভাষার মানুষই তাদের ভাষা এভাবেই শিখেছে। অতএব ভিনদেশী ভাষা বা আরবি ভাষা শিখতে হলেও আমাদেরকে এমন একটি ধারাবাহিক প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে। একসময় আমরা সাবলীল আরবি শিখে যাব।

আরেকটি বিষয় মনে রাখতে হবে তা হচ্ছে, ভাষাকে দক্ষতা হিসেবে শিখতে হবে, তত্ত্ব বা জ্ঞান হিসেবে নয়। لأن اللغة هي مهارة وليست معرفة তবে, ভাষার বিশুদ্ধ চর্চা, সৌন্দর্য বৃদ্ধি ও অলঙ্কারিক দৃষ্টিকোণ থেকে নাহু-সরফ ও ইলমুল বালাগাতের অবশ্যম্ভাবি ভূমিকা রয়েছে।

অতএব ভাষা শেখার ক্ষেত্রে দক্ষতা বিবেচনায় আমাদের যে বিষয়গুলো শিখতে হবে তা হচ্ছে, শুনে বুঝতে পারা। সাবলীল কথা বলতে পারা। পড়ে বুঝতে পারা। এবং নির্ভুল লিখতে পারা। এগুলোকে ভাষা দক্ষতা বলে। আরবিতে বলা হয় : مهارات اللغة أربعة هي الاستماع، والتحدث، القراءة والكتابة.

শুনে বুঝতে যা করতে হবে :

ফাহমুল মাসমু বা শুনে বুঝার দক্ষতা ভাষা দক্ষতাগুলোর মধ্যে অন্যতম। এই দক্ষতা অর্জন করতে হলে অধিক পরিমাণে শুনতে হবে। নিয়ম করে প্রতিদিন শুনতে হবে। আরবি কথোপকথন, আলোচনা, আবৃত্তি, বক্তৃতা, টকশো - যা শুনতে ভালো লাগে তাই শুনবে। এক্ষেত্রে যারা আসল ভাষাভাষী তাদের কথাবার্তা, আলোচনা বা বক্তৃতা শুনলে বেশি উপকার হবে। প্রথমদিকে বুঝতে একটু কষ্ট হবে। তারপরও মনোযোগ দিয়ে নিয়মিত শুনতে হবে। একসময় একটু একটু করে বুঝে আসবে।

এক্ষেত্রে আরব শায়েখদের মধ্যে، **الشيخ د. محمد علي ملا، الشيخ د. محمد العريفي، الشيخ محمد حسان، الشيخ د. توفيق الصائغ** প্রমুখদের খুতবা শোনা যেতে পারে। এছাড়া হারামাইনের জুমার খুতবাগুলোও শোনা যেতে পারে।

শোনার ক্ষেত্রে তাদের বলার স্টাইল এবং উচ্চারণগুলোর দিকে লক্ষ্য রাখতে হবে। শোনার সাথে সাথে তাদের মতো করে বলার চেষ্টা করতে হবে।

আরবিতে অনর্গল কথা বলতে যা করতে হবে:

আরবিতে অনর্গল কথা বলতে হবে। নিয়মিত চর্চা করতে হবে। লজ্জা ছেড়ে দিতে হবে। আরবিতে কথা বলবে এমন সহপাঠী খুঁজে নিতে হবে। কাউকে না পেলে **"একলা চলরে"** নীতি অনুযায়ী একা একাই কথা বলতে হবে। নিজে প্রশ্ন করে নিজেই উত্তর দিতে হবে। কখনো দেয়াল বা সামনের বস্তুকে সম্মোধন করে কথা বলতে হবে। মনে রাখতে হবে, **'মুকালামা পড়ে নয়, করে করে শিখতে হয়'**। অথবা বলা যায়, **"মুকালামা শিখতে হয় মুকালামা করে, মুকালামা পড়ে নয়"**

এই সফরের শুরুর দিকে একটু আধটু ভুল হবে। ভুল করে থেমে যাওয়া যাবে না। অথবা অন্যের ভুল শুরুতে ধরা যাবে না। নিয়মিত চর্চায় একসময় ভুলগুলো ঠিক হয়ে যাবে।

বলার সময় কোনো কোনো ক্ষেত্রে আরবি শব্দ না পেলে বাংলা শব্দ বসিয়ে দিতে হবে। প্রতিদিন এক ঘন্টা করে চর্চা করতে হবে। সম্ভব না হলে অন্তত ত্রিশ মিনিট অবশ্যই চর্চা

করতে হবে। এভাবে একসময় সাবলীলতা চলে আসবে ইনশাআল্লাহ। وأنت ستكون متكلما بارعا ومتحدثا طلقا بإذن الله

এক্ষেত্রে সহজের জন্য এবং অনর্গলতা ও সাবলীলতা বাড়াতে মারকাযুল লুগার কোনো একটি কোর্স করা যেতে পারে। আশা করছি অনেক ফায়দা হবে ইনশাআল্লাহ।

সুন্দর পড়তে এবং পড়ে বুঝতে যা করতে হবে :

ভাষা দক্ষতা অর্জনে পড়ার গুরুত্ব অপরিসীম। তাই পড়ার দক্ষতা অর্জনে অধিক পরিমাণে পড়তে হবে। বিশুদ্ধভাবে আরবি পড়তে হলে শুরুতে সহজ সহজ বিষয় পড়তে হবে। পড়ার জন্য নিজের ভালো লাগে এমন বিষয় বেছে নিতে হবে। পড়তে গিয়ে যদি কোনো শব্দ বুঝে না আসে তাহলে মু'জাম বা অভিধান দেখতে হবে। শব্দটিকে সঠিকভাবে মুখস্থ করতে হবে। এভাবে পড়তে পড়তে একসময় আরবি সহজ লাগতে শুরু করবে।

মনে রাখতে হবে, আমরা ইবারত পড়তে পারিনা; কারণ আমরা অধিক পরিমাণে আরবি পড়ি না। বিভিন্ন কিতাব দেখে দেখে পড়তে থাকলে এবং পড়ার পরিমাণ বাড়ালে একসময় এই সমস্যা কেটে যাবে ইনশাআল্লাহ।

ভালো লিখতে যা করতে হবে:

ভালো ও বিশুদ্ধ লিখতে হলে প্রচুর পড়তে হবে। সহজ বিষয়ে একটু একটু করে প্রতিদিন লিখতে হবে। রোজনামচা লিখতে হবে । নিজের ও পরিবার বিষয়ে লিখতে হবে। মনে যা আসে তা ছোট ছোট বাক্যে লেখার অভ্যাস করতে হবে।

লেখার মান বৃদ্ধি করতে ভালো লেখকের লেখা নিয়ে সেটাকে অনুকরণ করতে হবে। পরবর্তীতে সে বিষয়ে নিজে নিজে লিখতে হবে।

সবশেষে বলব, ভাষা শেখার ক্ষেত্রে ব্যবহার ও চর্চার বিকল্প নেই। اللغة هي استعمال وممارسة وتكرار، فباستعمالها وممارستها وتكرارها يحصل الإتقان.

তাই ভাষা শিক্ষার বিষয়টিকে 'মানহাজু হায়াত' বা জীবনের লক্ষ্য বানিয়ে নিয়ে এই মুবারক "রিহলা" শুরু করতে হবে। এক সময় সফলতা আসবেই ইনশাআল্লাহ!



ভাষা শিক্ষায় উচ্চারণের গুরুত্ব

ভাষা শেখার ক্ষেত্রে উচ্চারণের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সঠিক ও বিশুদ্ধ উচ্চারণ ভাষাকে মাধুর্যময় ও শ্রুতিমধুর করে তোলে। অন্যদিকে অশুদ্ধ উচ্চরণে ভাষার মূল উদ্দেশ্য ব্যহত হয়। অর্থ পরিবর্তন হয়ে যায়। ভাষা তার নিজস্ব সৌন্দর্য হারায়। বিকৃত উচ্চারণে ভাষা শুনতে কিছুটা অসুন্দর এবং কখনো কখনো হাস্যকর শোনায়।

উচ্চারণ সুন্দর করার জন্য হরফের মাখরাজ ও সিফাতসহ উচ্চারণ করতে হবে। এজন্য একজন দক্ষ শিক্ষকের নিকট মাশক করতে হবে। মাশক ব্যতিত হরফের উচ্চারণ সঠিক করা সম্ভব নয়। তেমনিভাবে শেখা হরফটি আওয়াজ করে বার বার বলতে হবে। প্রতিনিয়ত অনুশীলন ও চর্চা করতে হবে।

উচ্চারণের ক্ষেত্রে একটি মূলনীতি হচ্ছে : النطقِ يتحسن بالتكرار و اللهجة تتحسن بالاستماع.

কোর্সে থাকাকালীন অবশ্যই আরবি হরফগুলোর উচ্চারণ সঠিকভাবে শিখে নিতে হবে।

আরবি শব্দগুলোর আরবীয় উচ্চারণ করতে হবে। কোনোভাবেই বাংলা বা উর্দু প্রভাবিত উচ্চারণ করা যাবে না।

এখানে আরবি উচ্চারণের ক্ষেত্রে লক্ষণীয় মৌলিক কয়েকটি বিষয় উল্লেখ করছি :

- আরবদের উচ্চারণে ت অনেকটা বাংলা থ এর মতো উচ্চারিত হয়। ك অনেকটা খ এর মতো উচ্চরিত হয়। যেমন : تَكَلَّمْ بالعربية، كيفَ فعلتَ هذا؟ كان عالماً كبيرا، وتَتَوَكَّلُ عَليك.
- ইজহারের হরফ তথা ء، ه، ع، ح، غ، خ এগুলোকে পরিপূর্ণ স্পষ্ট উচ্চারণ করতে হয়।
- ض এর উচ্চারণ দোয়াদই করতে হবে। এটাকে ظ এর মত উচ্চারণ করা যাবে না। هذا من فضل ربي. لا تضحك. اسأل ضميرك.
- অধিকাংশ বাক্যের শেষে وقف করতে হবে। যেমন : سأَذْهبُ إلى المسجد. تحَدَّثْ بالعربية. اقرأِ الكتاَب. اقرأِ الكتابَ بصوتٍ مُرتَفِع.

উচ্চারণ যদি বিশুদ্ধ এবং সঠিক হয়ে যায় তাহলে আরবদের আলোচনা শোনার মাধ্যমে খুব সহজেই লাহজা আত্মস্থ করা সম্ভব।

المعلومات العامة حول اللغة العربية



আরবি ভাষা বিষয়ক কিছু মৌলিক তথ্যঃ

আরবি ভাষা শেখা শুরু করার পূর্বে এই ভাষা বিষয়ক কিছু মৌলিক তথ্য জেনে নেওয়া উচিত।


- আরবি ভাষা সেমেটিক ভাষা গোত্রের একটি প্রসিদ্ধ ও জীবন্ত ভাষা।
- আরবি ভাষাকে "লুগাতুদ দোয়াদ" বলা হয়; কারণ এই ভাষায় দোয়াদ এর মতো এমন একটি হরফ রয়েছে যা অন্য কোনো ভাষায় নেই। এজন্যই আরবি ভাষা বুঝাতে বিভিন্ন স্থানে এই হরফটি ব্যবহার করা হয়।
- আরবি ভাষা ২৫ টি দেশের সরকারি ভাষা। এ ভাষায় প্রায় ৪৬৭ মিলিয়ন মানুষ কথা বলেন।
- আরবি ভাষা জাতিসঙ্ঘের ৬টি দাপ্তরিক ভাষার মধ্যে অন্যতম ভাষা।
- ১৮ ডিসেম্বর পুরো পৃথিবীজুড়ে 'আন্তর্জাতিক আরবি ভাষা দিবস' পালন করা হয়।
- আলী রা. এর নির্দেশে আবুল আসওয়াদ আদ দুআলি রহ. (মৃত্যু :৬৯) ইলমে নাহুর প্রবর্তন করেন।
- ইলমে সরফের প্রবর্তন করেন মুআয ইবনে মুসলিম আলহাররা রহ. (মৃত্যু : ১৮৭)।
- আরবি ভাষা বিষয়ে সর্বপ্রথম অভিধান রচনা করেন خليل بن أحمد الفراهيدي ইলমুল আরুজ বা ছন্দজ্ঞান বিষয়েও তিনি সর্বপ্রতম কিতাব রচনা করেন। তিনি ১০০ হিজরিতে জন্মগ্রহণ করেন এবং ১৭০ হিজরিতে ইন্তেকাল করেন।
- আরবি সাহিত্যে হযরত হাসসান ইবনে সাবিত রাদিয়াল্লাহু আনহুকে شاعر الرسول صلى الله عليه وسلم বলা হয়।
- জাহেলী যুগে প্রসিদ্ধ কবি ইমরুল কায়েসকে বলা হতো "أمير الشعراء" আর বর্তমান যুগে আধুনিক আরবি সাহিত্যের মিশরীয় কবি আহমাদ শাওকিকে বলা হয় "أمير الشعراء"।
- আধুনিক যুগে আরবি সাহিত্যে মিশরীয় সাহিত্যিক মুস্তফা লুতফি আল-মানফালুতিকে বলা হয় "أمير البيان"
- ইলমে নাহুতে সর্বপ্রথম কিতাব রচনা করেন সিবাওয়াই রহ.। তার রচিত কিতাবের নাম 'الكتاب'।

- أدب الكاتب لابن قتيبة، البيان والتبيين للجاحظ، الكامل للمبرد، الأمالي لأبي علي القالي এই চারটি গ্রন্থকে আরবি সাহিত্যের أمهات الكتب বা মৌলিক কিতাব বলা হয়।
- দিওয়ানে মুতানাব্বির প্রথম ব্যাখ্যাকার ইবনু জিন্নি রহ.।
- সাহিত্য সমালোচনা বা আন্নাকদুল আদাবী বিষয়ে প্রথম কাজ করেন জাহেয (রহ.)।
- আরবি সাহিত্যের ইতিহাসের সূচনা ধরা হয় ইসলামপূর্ব ১৫০ বছর থেকে।
- আরবি শিশু সাহিত্যের অগ্রপথিক বলা হয় 'কামেল কিলানি'কে।
- الصاحبي في فقه اللغة 'ফিকহুল লুগাহ' বিষয়ক রচিত প্রথম কিতাব।
- খ্যাতনামা আরবি সাহিত্যিক আলী তানতাবীকে বলা হয়– أديب الفقهاء وفقيه الأدباء
- মোস্তফা সাদেক রাফেয়ীকে বলা হয়- الفيلسوف القرآني বা কুরআনী দার্শনিক।
- বংলাদেশে আধুনিক আরবি ভাষা চর্চার অন্যতম ব্যক্তিত্ব উসতায শহীদুল্লাহ ফজলুল বারী রহ.। ১৪/৪/২০১৬ সালে রোজ বৃহস্পতিবার বাদ ফজর তিনি ইন্তেকাল করেন।
- সর্বাধিক প্রচলিত ও প্রসিদ্ধ অভিধান المعجم الوسيط মিশরের কায়রো আরবি ভাষা একাডেমি থেকে ১৩৮০ হি. মোতাবেক ১৯৬০ ইং সনে প্রকাশিত হয়।
- আরবি ভাষার ব্যাপক প্রচার প্রসার ও খেদমতের লক্ষে ১৪৩৪ হি. সালে প্রাথমিকভাবে মারকাযুল লুগাহ প্রতিষ্ঠা লাভ করে। পরবর্তিতে ১৪৩৯ হিজরীতে প্রাতিষ্ঠানিক ভাবে এর কার্যক্রম শুরু হয়।
- প্রথম আরবি অভিধানের নাম "العين"
- মিশরের প্রসিদ্ধ কবি হফেজ ইবরাহিম কে বলা হয় " شاعر النيل "
- আরবি সাহিত্যের যুগসমূহ :

  ১- জাহেলী যুগ (হি.পূ. ১৬০ - হি.পূ. ১৩ বছর পর্যন্ত)
  ২- ইসলামী যুগ (হি.পূ. ১৩ - হি. ৪১ বছর পর্যন্ত)
  ৩- উমাইয়া যুগ (হি. ৪১ - হি. ১৩২ বছর পর্যন্ত)
  ৪- আব্বাসী যুগ (হি. ১৩২ - হি. ৫৫৬ বছর পর্যন্ত)
  ৫- রেনেসাঁ পূর্ব যুগ (হি. ৫৫৬ - হি. ১২১৩ বছর পর্যন্ত)
  ৬- আধুনিক যুগ (হি. ১২১৩ থেকে শুরু হয়েছে...



المحفوظات



•

الأحاديث المنتخبة

للحفظ والمذاكرة

•

المختار

من الأقوال والأشعار

أهمية حفظ النصوص



হিফজ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। হিফজকে বলা হয় رأس مال طالب العلم বা তালিবুল ইলমের মূল পুঁজি। হিফজ ব্যতীত ইলমে পরিপক্কতা আসে না। তাই তো আসলাফের মধ্যে সকলেই কুরআন, হাদিস এবং ইলমি মুতূন হিফজ করার বিষয়ে অধিক গুরুত্ব দিতেন এবং বিভিন্ন أقوال - أشعار হিফজ করতেন। **إن حفظ الأحاديث النبوية والعناية بها من فضائل الأعمال ومحاسنها، وأجل العبادات.** এছাড়া হাদিসে নববী হিফজ করা এবং এ বিষয়ে গুরুত্বারোপ করা ফযিলতপূর্ণ আমল, উত্তম কাজ এবং শ্রেষ্ঠতম ইবাদত। **وكذلك حفظ الأحاديث واستظهارها من صفات العلماء الذين هم ورثة الأنبياء.** তেমনিভাবে হাদিস হিফজ করা উলামায়ে কেরাম–যারা ওয়ারিসে নবী তাদের গুণ ও বৈশিষ্ট্য।

হাদিস হচ্ছে রাসূল (সা.) এর মুখনিসৃত কথা। তিনি ছিলেন সর্বাধিক বিশুদ্ধভাষী। তাঁর ভাষা হচ্ছে অন্যতম শ্রেষ্ঠ বিশুদ্ধ ভাষা। যাকে সর্বাধিক বিশুদ্ধ গদ্য বলা যায়। আরবি ভাষা শিক্ষার্থীর জন্য বিশুদ্ধ গদ্য পাঠ করাও একটি গুরুত্বপূর্ণ বিষয়। তাই এই সব দিক বিবেচনায় এখানে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ ২৫ টি হাদিস দেওয়া হয়েছে। ইলমি পরিপক্কতা ও আরবি ভাষায় ইতকান হাসিলের জন্য এই হাদিসগুলোকে অবশ্যই হিফজ করতে হবে।

হাদিস হিফজ করার সাথে সাথে যেন শিক্ষার্থীর আরবির যোগ্যতা বৃদ্ধি পায় সে জন্য প্রত্যেকটি হাদিসের কঠিন শব্দের আরবি অর্থ দেওয়া হয়েছে। এতে শিক্ষার্থীর আরবি শব্দভাণ্ডার বৃদ্ধি পাবে। কিছু প্রশ্নোত্তর ও শব্দ দিয়ে বাক্য তৈরি করার তামরীন করলে ভাষার অন্যান্য দক্ষতাও বৃদ্ধি পাবে ইনশাআল্লাহ।

প্রিয় তালিবুল ইলমরা অত্যন্ত গুরুত্বের সাথে হাদিস ও আরবি শব্দার্থগুলো এবং আরবি ভাষা বিষয়ক أقوال أشعار হিফজ করবে সেই প্রত্যাশা। ওয়াফফাকাকুমুল্লাহ।



الأحاديث المنتخبة:

(١)

عن أمير المؤمنين أبي حفصٍ عمرَ بن الخطاب رضي الله عنه قال: سمعت رسول الله يقول: (إنما الأعمالُ بالنياتِ، وإنما لكل امرئ ما نَوى، فمن كانت هجرته إلى اللهِ ورسولِه فهجرته إلى الله ورسوله، ومن كانت هجرته إلى دنيا يصيبها أو امرأةٍ ينكِحُها فهجرته إلى ما هاجر إليه). (متفق عليه).

معاني الكلمات:

العَمَل: الكسب، الفعل.

النِيَّة: القصد، الإرادة.

امرُؤ: رجل، شخص، إنسان.

هجرة: الخروج من أرض إلى أخرى، ترك الوطن.

أصاب يصيب: بلغ، وصل.

نكح ينكح: استنكح، تزوج.

(٢)

عن أبي عبد الرحمن عبد الله بن عمر بن الخطاب رضي الله عنهما قال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: (بني الإسلام على خمس: شهادةِ أن لا إله إلا الله وأن محمدا رسول الله وإقامِ الصلاة وإيتاءِ الزكاة وحجِ البيت وصومِ رمضان). [متفق عليه].

معاني الكلمات:

بني: أقيم، جعل.

الشهادة: الإقرار والتصديق.

الإقامة: التأدية.

الإيتاء: الإعطاء والتسليم.

الزكاة: ما يجب على المسلم من صدقة.

الحج: زيارة الأرض المقدسة للنسك والتبرك.

الصوم: الإمساك عن المفطرات الثلاثة.

(٣)

عن أم المؤمنين أم عبد الله عائشة رضي الله عنها قالت: قال رسول الله صلى الله عليه وسلم: (من أحدث في أمرنا هذا ما ليس منه فهو رَد) [متفق عليه]، وفي رواية لمسلم (من عمل عملا ليس عليه أمرنا فهو رد).

معاني الكلمات:

أحدث يحدث: كون، ابتدع، خلق.

رد: المنع وعدم القبول.

(٤)

عن أبي هريرة رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه و سلم: (أكملُ المؤمنين إيمانا أحسنهم خُلُقا وخياركم خياركم لنسائهم خلُقاً). [رواه الترمذي].

معاني الكلمات:

الخلق: شيمة، سجية.

(٥)

عن أبِي هريرة رضي الله عنه أن رسول الله -صلى الله عليه وسلم- قال: (من دعا إلى هُدىً كانَ له من الأجرِ مِثل أجور من تبعه لا ينقُص ذلك من أجورهم شيئا ومن دعَا إلَى ضلالة كَان عَلَيه من الإثم مثل آثام من تَبعه لاَ ينقُص ذلك من آثَامهم شيئًا). [رواه مسلم].

معاني الكلمات:

دعا: ناداه، طالبه.

هدىً: طريق الثواب والرشد.

الأجر: مكافأة، ثواب على العمل الصالح، مقابلة.

النقص: قليل، ضئيل، خسّ، قصر.

الضلالة: غواية، عدم الرشد والهداية.

الإثم: الذنب، الخطيئة.

(٦)

عن ابن عباس رضي الله عنهما قال: قال رسولُ الله صلى الله عليه وسلم لمعاذ بن جبل حين بعثه إلى اليمن: (إنك ستأتي قوماً من أهلِ الكتاب فَإذا جئتهم فَادعهم إِلَى أن يَشهدوا أن لاَ إِلَهَ إلا الله، وَأن محمدا رسول الله فإن هم أطاعوا لك بذلك فأخبرهم أَن اللهَّ قَد فَرض عليهِم خمسَ صلوات في كُل يوم ولَيلَة فَإن هم أطاعوا لك بذلك فأَخبِرهُم أَنَّ اللهَ قَد فرض عليهم صدقة تؤخذ من أغنيائهم فترد على فقرائهم فإن هم أطاعوا لَكَ بذلكَ فإياك وكَرائم أموالهم واتق دعوةَ المظلوم فَإنهُ لَيس بينه وَبين الله حجَابٌ). [متفق عليه].

معاني الكلمات:

الإطاعة: الاتباع، الاقتداء.

الغني: ثري، صاحب الثروة والمال.

الفقير: محتاج، لا يملك ما يكفيه.

كرائم الأموال: أفضل الأعمال وخيرها.

الحجاب: السِتار.

(٧)

عن أبي هريرة رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم -: (لا تحاسَدوا، ولا تناجَشوا، ولا تباغَضوا ولا تَدَابَروا، ولا يَبِعْ بَعضُكم على بيع بعض، وكونوا عبادَ الله إخْوانا، المسْلم أخو المسلم لا يَظلِمه ولا يخذله، ولا يكذبه ولا يحقِره، التقوى ها هنا - ويشير إلى صدره ثلاث مرات - بحسب امرئ من الشر أن يحقِرَ أخاه المسلم، كُلُّ المسلم على المسلم حرام دمه وماله وعرضه). [رواه مسلم].

معاني الكلمات:

الحسد: بغض، حقد، ضغينة.

التناجش: تزايد، زاد فيه وبالغ.

البغض: حقد، ضغينة.

التدابر: تعادى وتقاطع.

البيع: مبادلة المال بالمال بالتراضي.

الخذل: تخلى عن عونه ونصرته.

التحقير: أذلّه وصغّره.

عِرض: حسب، شرف.

(٨)

عن أبي هريرة رضي الله عنه أن رجلا قال للنبي صلى الله عليه وسلم: أوصني قال: (لا تغضب فردد مِرارا، قال: لا تغضب). [رواه البخاري].

(٩)

عن أبي هريرة رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: (مِن حُسن إسلام المرءِ تَركُه ما لا يعنيه). حديث حسن [رواه الترمذي].

معاني الكلمات:

مالا يعنيه: ضيع الوقت فيما لا فائدة فيه.

(١٠)

عَن ابن عُمر رضي الله عنهما قَال: قال رسول الله صَلى الله عليه وسلمَ: (المؤمن الذي يخالِط الناس، ويصبر على أذاهم، أعظمُ أجرًا من المُؤمن الذي لا يُخالط الناس، وَلاَ يصبر على أذاهم). [رواه ابن ماجه].

معاني الكلمات:

المخالطة: مازجه وداخله (الممازجة والمداخلة)

الصبر: التجلد وحسن التحمل.

الأذى: ضرر ومكروه.

(١١)

عن أبي سعيد الخدري رضي الله عنه قال: قال سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: (من رأى منكم منكرا فليغيره بيده، فإن لم يستطع فبلسانه، فإن لم يستطع فبقلبه وذلك أضعف الإيمان). [رواه مسلم].

معاني الكلمات:

المنكر: ما يقبّحه الدين والشرع.

التغيير: التحويل والتبديل.

الاستطاعة: أطاقه وقدر عليه.

القلب: فؤاد وخاطر.

١٢

عن أبي هريرة رضي الله عنه قال: عن النبي صلى الله عليه و سلم قال: (من نفَّس عن مؤمنٍ كربة من كرب الدنيا نفس الله عنه كربة من كرب يوم القيامة، ومن يسر على معسر يسر الله عليه في الدنيا والآخرة، ومن ستر مسلما ستره الله في الدنيا والآخرة، والله في عون العبد ما كان العبد في عون أخيه، ومن سلك طريقا يلتمس فيه علما سهل الله له به طريقا إلى الجنة، وما اجتمع قوم في بيت من بيوت الله يتلون كتاب الله ويتدارسونه بينهم إلا نزلت عليهم السكينة وغشيتهم الرحمة وحفتهم الملائكة وذكرهم الله في من عنده، ومن بطَّأ به عمله لم يسرع به نسبه).[رواه مسلم].

معاني الكلمات:

الكربة: حزن شديد.

يسر: سهل، هيّن.

معسر: فقير، محتاج.

ستر: ما يستر به، حجاب.

العون: المساعدة والدعم.

سلك: سار ونهج.

التمس: طلب وفتّش.

التدارس: درس كل منهم على الآخر.

السكينة : طمأنينة،استقرار، رحمة.

غشيت: غطت، حوَت.

بطأ: ثبط، عوق، أقعد عنه.

نفس: فرج عنه وأزال همه.

سهل: هونة، يسر، هيّن

(١٣)

عن أبي العباس عبدالله بن عباس رضي الله عنهما قال: كنت خلف النبي صلى الله عليه وسلم يوماً فقال: (يا غلام! إني أُعلِّمكَ كلمات: احفظِ اللهَ يحفظْك، احفظ الله تَجِدْه تجاهك، إذا سألتَ فاسألِ اللهَ وإذا استعنتَ فاستعن بالله، واعلم أن الأمةَ لو اجتمعت على أن ينفعوك بشيء لم ينفعوك إلا بشيء قد كتبه الله لك، وإن اجتمعوا على أن يضروك بشيء لم يضروك إلا بشيء قد كتبه الله عليك، رفعت الأقلام وجفت الصحف). [رواه الترمذي وقال: حديث حسن صحيح].

معاني الكلمات:

حفظ: حرسه وصانه.

تجاهك: قبالتك وتلقاء وجهك.

الاستعانة: طلب منه المساعدة والعون.

رفعت الأقلام وجفت الصحف: كناية عن تقدم كتابة المقادير كلها، والفراغ منها من أمر بعيد.

(١٤)

عن النواس بن سمعان – رضي الله عنه– ، عن النبي صلى الله عليه وسلم قال (البِرّ حسن الخلق والإثم ما حاك في نفسك وكرهت أن يطلع عليه الناس). [رواه مسلم].

معاني الكلمات:

البر: الخير والإحسان.

حاك: رسخ في النفس.

اطلع: عرفه وعلمه.

١٥

عن أبي العباس سهل بن سعد الساعدي رضي الله عنه، قال: جاء رجل إلى النبي صلى الله عليه وسلم، فقال: يا رسول الله! دُلَّني على عمل إذا عملته أحبني الله وأحبني الناس؛ فقال: (ازهد في الدنيا يحبك الله، وازهد فيما عند الناس يحبك الناس). [حديث حسن، رواه ابن ماجه].

معاني الكلمات:

دلني: أرشدني إليه وهداني.

ازهد: اتقه وأعرض عنه.

١٦

عن أبي هريرة -رضي الله عنه- أنَّ رسول الله صلى الله عليه وسلم قال: (إذا جاء رمضانُ فُتحَت أبوابُ الجنة، وغُلقت أبواب النار، وصفدت الشياطين). [متفق عليه].

معاني الكلمات:

فتحت: فرّجت وكشفت وأُشرحت.

غلقت: أُطبقت وضمّت.

صفّدت: شدّت وأوثقت.

١٧

عن أَبي هريرة رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم قال: (من صام رمضان إيماناً واحتساباً غُفر له ما تقدَّمَ من ذنبه). [متفق عليه].

معاني الكلمات:

احتسابا: ناويا به وجه الله.

تقدم: ما سبق ومضى.

ذنب: خطأ، إثم.

١٨

عن سَهل بن سعد رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم قال: (إنَّ في الجنة بابا يقال له الريان، يدخل منه الصائمون يوم القيامة لا يدخل منه أَحد غَيرهم يقال: أين الصائمونَ؟ فيقومون، لا يدخل منه أَحد غَيرهم، فإذا دخلوا أُغلِق فلم يَدخل منه أحدٌ). [متفق عليه].

١٩

عن أبي هريرةَ رضي الله عنه قال قال رسول اللهِ صلى الله عليه وسلم: (قال الله عَز وجَل: كُل عملِ ابن آدم له إلا الصيام، فإنه لي وأنا أَجزي به، والصيام جُنةٌ، فإذا كان يَوم صَومِ أَحَدكُم فلا يرفث ولا يَصخَب، فإن سابهُ أَحد أو قاتله فَليقل: إني صائم. والذي نَفس محمد بيده لخلوفُ فمِ الصائم أَطيبُ عند الله من رِيح المسك، للصائم فرحتان يفرَح بهمَا: إذا أَفطَر فرِح وإذا لقي ربه فرِح بصومهِ). [متفق عليه].

معاني الكلمات:

الرفث: تكلم بالفحش، القبح.

الصخب: صاح، ضجّ.

سابه: شتم كل منهما الآخر.

خلوف: فاسد الطعام، متغير اللذة.

أطيب: أحلى، أطهر

فم: فوه، فتحة في وجه الإنسان للتكلم وتناول الطعام والشراب

٢٠

عن أَنس بن مَالك رضي الله عنه قال قال النبي صلى الله عليه وسلم: (تسحَّروا، فإن في السَّحور بركَةً). [متفق عليه].

معاني الكلمات:

السَّحور: ما يؤكل ويُشرب عند السَحَر.

بركة: سعادة وزيارة.

٢١

عن أبي هريرةَ رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم قال: (إذا نَسي أحدكم، فأكل أو شرب، فليتمَّ صومه، فَإنما أطعمهُ الله وسَقاه). [متفق عليه].

معاني الكلمات:

أطعمه: أعطاه أكلا، جعله يأكل.

سقاه: أشربه وأراه.

٢٢

عن أبي هريرة رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: (من لم يدع قول الزور والعمل به فليس لله حاجةٌ في أن يدَعَ طعامهُ وشرابه). [رواه البخاري].

معاني الكلمات:

يدع: يترك، هجر.

الزور: كذب، باطل.

٢٣

عن سلمان بن عامر الضَّبِّي رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم قال: (إذا أفطر أحَدكم فليُفطر على تمر، فإن لم يجد فليُفطر على ماءٍ، فإنه طَهورٌ). [رواه أبو داود والترمذي وقال: حديث حسن صحيح]

معاني الكلمات:

طَهور: كل ما يتطهر به.

٢٤

عن سَهل بن سَعد رضي الله عنه، أَن رَسُول الله صلى الله عليه وسلم قال: (لا يزال الناس بِخَير ما عَجلُوا الفطرَ). [متفق عليه].

معاني الكلمات:

التعجيل: أسرع وهرع.


٢٥

عن أبي أيوب رضي الله عنه أن رسول الله صلى الله عليه وسلم قال:(من صام رمضان ثم أتبعه ستا من شوال، كانَ كصيامِ الدَّهرِ). [رواه مسلم وأبو داود والترمذي وابن ماجه].

معاني الكلمات:

أتبع: تبعه ولحقه.

الدهر: زمان طويل، عصر.



المختار
من الأقوال والأشعار

تقديم

ذكرتُ في هذه الصفحاتِ بعضَ الآياتِ وأقوالَ الصحابةِ والعلماءِ التي تدلُّ على أهمِّيَّةِ وشرفِ اللغة العربية وضرورةِ الاهتمامِ بها، لِكي يتشجّعَ المتعلِّمُ بهذه الأقوال، ويفهمَ جيّدا بأنّ اللّغةَ العربيّةَ لها أهمّيّةٌ كبيرةٌ ومكانةٌ عاليةٌ، واهتمَّ العلماءُ بهذه اللغة كلَّ الاهتمامِ؛ ولكَي يستطيعَ الطالبُ أن يذكر هذه الأقوالَ عن ظهرِ القلبِ عندما يحتاج إليها، إضافةً إلى ذلك أن حفظَ الأقوالِ والأشعارِ والنصوصِ العلميّةِ يَزيدُ في قلبِ طالبِ العلمِ قوةً ويجعلُه متمكّنا من العلومِ الشرعيَّةِ.

الآيات القرآنية التي تدل على أهمية وفضل اللغة العربية:

١- إنا أنزلناه قرآناً عربياً لعلكم تعقلون. (يوسف:٢)

٢- إنا جعلناه قرآناً عربياً لعلكم تَعقِلون. (الزخرف:٣)

٣- وإنه لتنزيل رب العالمين. نزل به الروح الأمين. على قلبك لتكون من المنذرين. بلسان عربي مبين. (الشعرى:١٩٣-١٩٥)

٤- وكذلك أوْحَينا إليك قرآناً عربياً لتنذر أمَّ القرى ومن حولها. (الشورى:٧)

٥- وكذلك أنزلناه قرآناً عربياً وصرفنا فيه من الوعيد لعلهم يتقون أو يحدث لهم ذكرا (طه:١١٣)

الأقوالُ التي تدلّ على شرف اللّغة العربيّة وعِظمها

١- يقول عمرُ بن الخطاب رضي الله تعالى عنه: ((تعلّموا العربيّةَ فإنها من دِينكُم)).
ورُوي عنه أيضا أنّه قال: (تعلموا العربيةَ، فإنها تَزيد في العقل والمروءةِ).

ওমর ইবনুল খাত্তাব রা. বলেন, "তোমরা আরবি ভাষা শেখো; কেননা আরবি ভাষা তোমাদের দ্বীনের অংশ। তিনি আরও বলেন, তোমরা আরবি ভাষা শেখো; কেননা আরবি বুদ্ধিমত্তা ও আভিজাত্যকে বাড়িয়ে দেয়"।

٢- يقول الشاطبيُّ رحمه الله في «الموافقات»: (إنّ دَرجة الفقيه ترتفعُ على قدرِ معرفَته بالعربيةِ).

ইমাম শাতিবি রহ. বলেন, "একজন ফকীহ ব্যক্তির স্তর বৃদ্ধি পায় তার আরবি জানার স্তর অনুযায়ী।"

٣- يقول الإمامُ ابن كثيرٍ رحمه الله: (ينبغي لِطالب الحديثِ أن يكون عارفاً بالعربية).

ইমাম ইবনে কাসির রহ. বলেন, "হাদিসের তালিবুল ইলমের জন্য আরবি ভাষায় গভীর জ্ঞান রাখা উচিত।"

٤- قال ثعلبٌ في «أماليه»: (الفقيهُ يحتاجُ إلى اللغة العربية حاجةً شديدةً).

ছালাব রহ. তার আমালি কিতাবে বলেন, "একজন ফকিহের জন্য আরবি ভাষা অতি প্রয়োজন"।

٥- قال الإمام السيوطيُّ رحمه الله : (ولا شك أن علمَ اللغةِ العربيةِ من الدين، لأنه مِن الفُروضِ الكِفايات، وبه تُعرَفُ معاني ألفاظِ القُرآن والسنة).

ইমাম সুয়ুতি রহ. বলেন, “সন্দেহ নেই যে আরবি ভাষার জ্ঞান দ্বীনের অংশ; কেননা তা ফরয এবং এর মাধ্যমেই কুরআন ও হাদিসের শব্দের মর্ম জানা যায়”।

٦- وصَف الإمامُ الشافعيُّ هذا اللِّسانَ فقال: (لِسانُ العَرَبِ أوسَعُ الألسنةِ مَذْهَبا، وأكثرها ألفاظا، ولا نَعلمه يُحِيْطُ بجميعِ عِلْمِه إنسانٌ غيرُ نبيٍ).

ইমাম শাফেয়ি রহ. আরবি ভাষা সম্পর্কে বলেন, “আরবের ভাষা সর্বাধিক বিস্তৃত ভাষা, এর রয়েছে অনেক শব্দ। আমার জানা নেই যে, নবী ব্যতীত অন্য কেউ এর সব জ্ঞান অর্জন করতে পারবে”।

٧- سُئِل الحسنُ البصري رحمه الله: (ما تقول في قوم يتعلّمون العربيةَ؟، فقال: أحسَنوا؛ يتعلمون لغةَ نبيِّهم).

হাসান বসরি রহ. কে জিজ্ঞেস করা হয়েছে, “যারা আরবি ভাষা শেখে তাদের ব্যাপারে আপনার মন্তব্য কী? তখন তিনি বলেন, ‘খুব ভালো, তারা তাদের নবীর ভাষা শিখছে”।

٨- يقول ابن تيميةَ رحمه الله: (إنّ نفسَ اللّغةِ العربيةِ من الدين، ومعرفتُها فرضٌ واجبٌ، فإنّ فهمَ الكتابِ والسنةِ فرضٌ، ولا يفهم إلا بِفهم اللغةِ العربيةِ، وما لا يتم الواجبُ إلا به فهو واجبٌ).

ইবনে তাইমিয়্যাহ রহ. বলেন, “নিশ্চয় আরবি ভাষা দ্বীনের অংশ। এই ভাষা জানা ফরজ। কারণ, কুরআন ও হাদিস বুঝা ফরজ। আর তা আরবি ভাষা ব্যতীত বুঝা সম্ভব নয়। যা ব্যতীত ওয়াজিব পালন করা যায় না সেটিও ওয়াজিব”।

٩- قال ابن شُبرمة رحمه الله: (ما لبِس الرجال لُبسا أَزْيَنَ من العربيةِ).

ইবনু শুবরুমাহ রহ. বলেন, “ব্যক্তির সবচেয়ে উত্তম পোষাক হচ্ছে আরবি ভাষা”।

١٠- ويقول ابن الأثير رحمه الله : (اللغةُ العربيةُ سيدةُ اللغات).

ইবনুল আসীর রহ. বলেন, “আরবি ভাষা সর্বশ্রেষ্ঠ ভাষা”।

الأشعار المنتخبة
নির্বাচিত কবিতামালা

١. يقول علي بن أبي طالب رضي الله عنه:

إذا لمْ يكُنْ عونٌ مِن الله لِلفَتى　　　فأَكْثرُ ما يَجْنِي عليه اجتهادُه

٢. يقول الحافظ الحكمي في ميميته:

هُو الكِتابُ الذي مَن قَام يَقرأه　　　كأنمَا خَاطَبَ الرَّحمنَ بالكَلِمِ

٣. ويقول رحمه الله:

يا طَالبَ العلْمِ لا تَبغِيْ بِه بَدَلا　　　فقَد ظَفِرْت ورَبِّ اللوحِ والقَلمِ.

٤. قول الشاعر:

إنَّ الــذِي مَلأ اللغاتِ محَـاسِـناً　　　جَعلَ الجَمالَ وسِرَّه في الضادِ.

٥. يقول ابن القيم رحمه الله:

ولقَدْ أتى أثرٌ بـأن لسَـانَـهم　　　بالمنـطقِ العربِـيّ خَيـرُ لسانِ.

٦. يقول الشاعر في مدح العلماء:

لله طَوعـاً هُم أوقَـفوا أبْدانَهم　　　ولنشر ديـنِ الله هُـم أمناء

فهم المصابيح التي نبصر بها　　　إن داهمتنا ليلة ظلماء.

٧. يقول ابن القيّم رحمه الله تعالى:

واعْلَم بأنَّ الأجْرَ ليس بحاصِلٍ　　　إلا إذا كانتْ لَـه صِـفَـتـانِ

لا بُدَّ مِن إخلاصِه ونـقَائِه　　　وخُلُوِّه من سَـائِـرِ الأَدرانِ

وكـذا مُتَابَعَةُ الرَّسُولِ فإنـهـا　　　شَرطٌ بِحُكْـمِ نبيّنا الـعَـدْنانِ.

٨. يقول الوزير الصالح يحيى بن هبيرة:

الوقـتُ أنفسُ ما عنيت بحفْظِه　　　وأراه أَسهَـل ما عليـكَ يَضِـيْعُ.

٩. يقول الشاعر أبو الفرج البستي:

إذا مَرَّ بي يومٌ ولم أَقْتَبِسْ هُدى ... ولم أستفِدْ عِلْماً فما ذَاكَ مِن عُمرِيْ.

١٠. يقول صفي الدين الحلي:

بِقَدْرِ لُغَاتِ المَـرْءِ يَكْـثرُ نَفْعُه ... وتلكَ لـه عِـندَ الشَـدَائِدِ أعْـوَانُ

فَبَادِرْ إلى حِفْظِ اللغات مُسارِعًا ... فَكُلُّ لِسانٍ فِـي الـحَقِيقَةِ إنسـانُ.

١١. يقول الإمام الشافعي رح:

ومَن لم يَذُق مُرَّ التَّعَلُّمِ سَاعَةً ... تَجَرَّع ذُلَّ الجَهْلِ طُوْلَ حَياتِه.

١٢. قال طرفة ابن العبد:

إذا كنتَ في قومٍ فصاحبْ خِيارَهم ... ولا تَصحبِ الأردى فتردى مع الردي.

١٣. يقول الشاعر:

مَن شَاءَ عيشاً هَنِيئاً يَستفيدُ به ... فـي دينه ثـُمَّ في دُنيـاهُ إقبـالا

فليـنظرنَّ إلى مَنْ فَـوقه أدباً ... وليـنظرنَّ إلـى مَـن دونـه مالا.

١٤. قال الشاعر أحمد شوقي :


وَكُن في الطَرِيقِ عَفيفَ الخُطا ... شَريفَ السَماعِ كَريمَ النَظَر

وكـن رجـلاً إن أتَو بعـدَه ... يقولـون مَـر وهـذا الأَثـَر.

١٥. قال الشاعر:

لَيسَ السَعِيدُ الذي دنياه تُسعِدُه ... إن السَّعيدَ الذي يَنجوْ مِنَ النارِ.

কোনো ভাষায় পরিপূর্ণ দক্ষতা অর্জন করতে হলে মুফরাদাত বা শব্দ শেখার বিকল্প নেই। একজন শিক্ষার্থী ঠিক যত বেশি পরিমাণ শব্দ রপ্ত করতে পারবে, তার ভাষায় দক্ষতা ঠিক ততটাই সমৃদ্ধ হবে। এক্ষেত্রে শেখার ধারাবাহিকতা এবং তা বাস্তবে ব্যবহারের নিশ্চয়তার দিকে খেয়াল রাখতে হবে।



المُفرَداتُ العربية



مُحيي الدّين الفارُوقي

خادمُ لغةِ القُرآن والسُّنة

কিছু কথা

আরবি শব্দ হিফয করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ, শব্দ হচ্ছে বাক্য গঠনের মূল উপাদান। উপাদান না থাকলে কাজ সঠিক ও সুন্দরভাবে সম্পন্ন করা সম্ভব নয়। অন্যদিকে উপাদান যত বেশি হবে, কাজ তত শক্তিশালী হবে। ভবন নির্মাণ করার জন্য যেমন ইট ও অন্যান্য উপাদান প্রয়োজন হয়, তেমনি যেকোনো ভাষায় বাক্য গঠনের জন্য শব্দের প্রয়োজন হয়।

আরবি ভাষায় শব্দ তিন প্রকার। اسم، فعل، حرف। হিফয করার ক্ষেত্রে ইসম জাতীয় শব্দগুলো শব্দভণ্ডারের জন্য লিখিত কিতাব থেকে, বিভিন্ন অভিধান থেকে হিফয করা যেতে পারে। অন্যদিকে فعل জাতীয় শব্দগুলো বিভিন্ন আরবি নস থেকে হিফয করা উচিত। এতে করে সেসব শব্দের ব্যবহারও শেখা যাবে। অন্যথায় শব্দ জানা থাকবে; তবে তার সঠিক ব্যবহার না জানায় ততটা উপকার হবে না। আর হরফের ব্যবহারও নস থেকে শিখে নিতে হবে।

মুফরাদাত বা শব্দ হিফয করার সহজ পদ্ধতি :

- শব্দ হিফয করার সময় শুরুতেই শব্দটি ভালো করে দেখে পড়তে হবে। খুব সচেতনভাবে তার ضبط বা সঠিক হরকত ও উচ্চারণ জেনে নিতে হবে।

- শব্দ হিফয করার জন্য একটি নির্দিষ্ট সময় নির্ধারণ করে নিতে হবে।

- শব্দ হিফয করার এক দুদিন পর তা আবার পড়তে হবে। ভালোভাবে হিফয হয়ে যাওয়ার পর সপ্তাহখানেকের বিরতিতে তা আবার পড়তে হবে।

- প্রতিটি শব্দের সমার্থক ও বিপরীতার্থক শব্দ যথাসম্ভব শিখে নিতে হবে।

- সুযোগ হলে শব্দটিকে কোনো বাক্যে ব্যবহার করতে হবে।

কিছু কথা

আরবি শব্দ হিফয করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ, শব্দ হচ্ছে বাক্য গঠনের মূল উপাদান। উপাদান না থাকলে কাজ সঠিক ও সুন্দরভাবে সম্পন্ন করা সম্ভব নয়। অন্যদিকে উপাদান যত বেশি হবে, কাজ তত শক্তিশালী হবে। ভবন নির্মাণ করার জন্য যেমন ইট ও অন্যান্য উপাদান প্রয়োজন হয়, তেমনি যেকোনো ভাষায় বাক্য গঠনের জন্য শব্দের প্রয়োজন হয়।

আরবি ভাষায় শব্দ তিন প্রকার। اسم، فعل، حرف। হিফয করার ক্ষেত্রে ইসম জাতীয় শব্দগুলো শব্দভণ্ডারের জন্য লিখিত কিতাব থেকে, বিভিন্ন অভিধান থেকে হিফয করা যেতে পারে। অন্যদিকে فعل জাতীয় শব্দগুলো বিভিন্ন আরবি নস থেকে হিফয করা উচিত। এতে করে সেসব শব্দের ব্যবহারও শেখা যাবে। অন্যথায় শব্দ জানা থাকবে; তবে তার সঠিক ব্যবহার না জানায় ততটা উপকার হবে না। আর হরফের ব্যবহারও নস থেকে শিখে নিতে হবে।

মুফরাদাত বা শব্দ হিফয করার সহজ পদ্ধতি :

- শব্দ হিফয করার সময় শুরুতেই শব্দটি ভালো করে দেখে পড়তে হবে। খুব সচেতনভাবে তার ضبط বা সঠিক হরকত ও উচ্চারণ জেনে নিতে হবে।

- শব্দ হিফয করার জন্য একটি নির্দিষ্ট সময় নির্ধারণ করে নিতে হবে।

- শব্দ হিফয করার এক দুদিন পর তা আবার পড়তে হবে। ভালোভাবে হিফয হয়ে যাওয়ার পর সপ্তাহখানেকের বিরতিতে তা আবার পড়তে হবে।

- প্রতিটি শব্দের সমার্থক ও বিপরীতার্থক শব্দ যথাসম্ভব শিখে নিতে হবে।

- সুযোগ হলে শব্দটিকে কোনো বাক্যে ব্যবহার করতে হবে।

- পকেটে ছোট "দফতর" রেখে তাতে কঠিন শব্দগুলো লিখে রাখতে হবে। বাসে, গাড়িতে বিভিন্ন সময়ে অবসর পেলেই তা পড়ে নিতে হবে।

- প্রতিদিন কমপক্ষে পাঁচটি শব্দ হিফয করতে হবে।

- শব্দ হিফয হয়ে গেলে না দেখে তা কয়েকবার খাতায় লিখতে হবে। এতে শব্দ খুব শক্তিশালীভাবে যেহেনে বসে যাবে ইনশাআল্লাহ।

- মুশরিফের পরামর্শে একটি শব্দভাণ্ডারের কিতাব ও একটি মু'জাম সংগ্রহে রাখতে হবে। সুযোগ পেলে শব্দের তাহকীকগুলো মু'জাম থেকে দেখে নিতে হবে।



"আরবির ভয়কে জয় করতে হবে।
আজ থেকে আরবিতে আর দুর্বলতা নয়।
আল্লাহর ওপর ভরসা করে
সামনে এগিয়ে যেতে হবে।
সফলতা ও বিজয়
আসবেই ইনশাআল্লাহ।"



الألفاظ المتعلقة بالبيانات الشخصية

ব্যক্তিপরিচয় বিষয়ক শব্দাবলী

اسمٌ ج أَسْمَاءٌ	নাম
جِنْسِيَّةٌ	জাতীয়তা
دِينٌ ج أَدْيَانٌ	ধর্ম
مَسْقَط الرَّأْس/ محلُّ الميلاد	জন্মস্থান মাতৃভূমি
تاريخُ الميلادِ	জন্ম তারিখ
يَومٌ ج أَيَّامٌ	দিন
أُسْبُوْعٌ ج أَسَابِيْعُ	সপ্তাহ
عَقْدٌ ج عُقُوْدٌ	দশক
دَهْرٌ ج دُهُوْرٌ	যুগ
شَهرٌ ج أشْهُر / شُهُوْرٌ	মাস
عُمُر/عُمْر	বছর/বয়স
ذَكَرٌ ج ذُكُوْرٌ	পুরুষ
أُنْثى ج إِنَاثٌ	মহিলা
شَارِعٌ ج شَوَارِعُ	মহাসড়ক
رَقْمٌ ج أَرْقَامٌ	নাম্বার

وَظِيفَةٌ ج وظائِفُ	চাকরি
أعْزَبُ ج عُزْبٌ	অবিবাহিত
لَقَبٌ ج ألقاب	উপাধি
عُنْوَانٌ ج عَنَاوِيْنُ	ঠিকানা/পরিচয়
العُنْوانُ الحاليُّ	বর্তমান ঠিকানা
العُنوانُ الدائِمُ	স্থায়ী ঠিকানা
العُنوانُ الكامِلُ	পূর্ণ ঠিকানা
عُنوانُ العَمَلِ	অফিস এ্যাড্রেস
عُنوانُ المرَاسَلة / التواصُل	যোগাযোগ ঠিকানা
مَركَزُ الشُّرطَةِ/ مخفر الشرطة	থানা
المحافَظَةُ	জেলা
قِطْعَةٌ ج قِطعٌ	বিভাগ
عاصمة/حاضرة	রাজধানী
طَرِيْقٌ / سَبِيْلٌ	রাস্তা
رَقْم التِّلِيْفون	টেলিফোন নাম্বার
رَقمُ الجَوَّال	মোবাইল নাম্বার



الألفاظ المتعلقة بالتربية والتعليم
শিক্ষা বিষয়ক শব্দাবলী

رِوايَةٌ ج رِوايَاتٌ	উপন্যাস
كِتَابٌ ج كُتُبٌ	বই, কিতাব
جَمْعٌ، تَأْلِيفٌ	গ্রন্থনা
كاتِبٌ، مُؤَلِّفٌ	গ্রন্থকার
حُقُوقُ التَّأْلِيْفِ	গ্রন্থস্বত্ব
مُسَلْسَلٌ/ مسلسلاتٌ	সিরিজ/ধারাবাহিক পর্ব
جُزْءٌ ، مُجَلَّدٌ	খণ্ড
بَحْثٌ، دِراسَةٌ	গবেষণা
طَبْعٌ /طِبَاعَة /دَمْغٌ	মুদ্রণ / ছাপা
تَعْدِيْلٌ	সংস্করণ
الطَبْعَةُ الأُوْلَى	প্রথম মুদ্রণ/সংস্করণ
خَطَأٌ مَطْبَعِيٌ	মুদ্রণজনিত ভুল, মুদ্রণ প্রমাদ
غِلاَفٌ ج غُلُفٌ / أَغْلِفَة	মলাট, প্রচ্ছদ
مَنهَجٌ ج مَناهِجُ	পাঠ্যসূচি, সিলেবাস
خَطٌّ ج خُطوطٌ	ফন্ট/লিপি

صَفْحَةٌ ج صفحات	পৃষ্ঠা
سَطْرٌ ج سُطُور أَسْطُر	লাইন
عُنْوَانٌ ج عَناوِينُ	শিরোনাম
فِقْرَةٌ ج فِقْراتٌ	অনুচ্ছেদ, ধারা
تَرْجَمَة ج تَراجِمُ	অনুবাদ
تَرجمةُ الحياة	জীবনকথা
تَمْرِينٌ / تَدْرِيبٌ	অনুশীলনী
رَقْمُ التَّسَلْسُل	ক্রমিক নং
قِرَاءةٌ ج قِراءاتٌ	পড়া
دِرَاسَةٌ ج دِرَاسَاتٌ	অধ্যয়ন, পাঠ
مُطَالَعَةٌ ج مُطالعاتٌ	অধ্যয়ন
تَدريسٌ/تَعْلِيمٌ	শিক্ষাদান, পাঠদান
تَعَلُّم	শিক্ষাগ্রহণ
تِلاوَةٌ	তিলাওয়াত
حَاشِيَةٌ / هَامِشٌ	টীকা
تَبْيِيضٌ	ফ্রেশ করে লেখা

تَعبِيرٌ ج تَعَابِيرُ	প্রকাশরীতি, অভিব্যক্তি
تشريحٌ، تَفسِيرٌ، تَفصِيلٌ	ব্যাখ্যা
لُغَةٌ، لِسَانٌ	ভাষা
كَلِمَةٌ، لَفظٌ	শব্দ
جُمْلَةٌ ج جُمَلٌ	বাক্য
مَقَالَةٌ ج مَقالاتٌ	রচনা, প্রবন্ধ
مَادَّةٌ ج مَوَادُّ	বিষয়
دَرَجَةٌ ج دَرَجاتٌ	নম্বর, মান, পদ, স্তর
المَرْكَزُ الأَوَّلُ	প্রথমস্থান
كِتابُ المفرَداتِ	শব্দকোষ
مُعْجَم، قَامُوس	অভিধান/শব্দকোষ
شِعرٌ ج أَشْعارٌ	কবিতা, পদ্য
نَثْر	রচনা, গদ্য
تَقْرِيرٌ ج تَقَارِيرُ	প্রতিবেদন, ফিচার
مِقْلَمَةٌ ج مَقالِمُ	কলমদানি
دَبُّوسٌ ج دَبابِيسُ	পিন, আলপিন
دَبَّاسَةٌ ج دبّاسات	স্টাপ্লার
آلةٌ كاتِبَةٌ	টাইপ রাইটার
مُدَرِّبٌ ج مدرِّبون	প্রশিক্ষক

فِهْرِسْت/فِهْرِسٌ ج فَهارِسُ	সূচি, তালিকা
مُقَدِّمَة ج مُقَدِّماتٌ	ভূমিকা
قِصَّةٌ ج قِصَصٌ	গল্প
أُسْطُوْرَةٌ ج أُسْطُوْرَاتٌ / أَساطِيرُ	রূপকথা
سِيرَةٌ ج سِيَرٌ	জীবন-চরিত
نُسْخَة ج نُسَخٌ	কপি, অনুলিপি
مَخطُوطَةٌ ج مَخطوطاتٌ	পাণ্ডুলিপি
مُسْوَدَّةٌ / مُسَوَّدَةٌ	খসড়া, পাণ্ডুলিপি, প্রুফ
يَوْمِيَّةٌ ج يوميّاتٌ	রোজনামচা, দিনলিপি
صَحِيفَةٌ / جَرِيدَةٌ	পত্রিকা
مَجَلَّةٌ ج مَجَلّاتٌ	ম্যাগাজিন
وَاجِبٌ مَنْزِلِيٌّ / عَمَلٌ مَنْزِلِيٌّ	বাড়ির কাজ, হোমওয়ার্ক
سَكَنُ الطُّلَّابِ/ مَهْجَعٌ	ছাত্রাবাস
أُسْتاذٌ ج أَسَاتِذَةٌ	অধ্যাপক/শিক্ষক
مُعَلِّمٌ / مُدَرِّسٌ	শিক্ষক
مُدِيرٌ ج مُدَراءُ/ مُديرون	পরিচালক

لَوحَةٌ بَيْضَاءُ، سَبُّورَةٌ بَيضَاءُ	হোয়াইট-বোর্ড
مُسَجَّلٌ، سِجِلٌّ	নথি, রেজিস্টার
مِلَفٌّ ج مِلَفَّاتٌ	ফাইল
رِيْشَةٌ ج رِيْشاتٌ	কলমের নিব
رَوْضَةُ الأطفَال	কিন্ডার গার্টেন
كُتَّابٌ ج كَتاتِيبُ	মকতব, পাঠশালা
بَيْتُ الحَضَانَة	নার্সারি
مَدرَسَة ج مَدارِسُ	বিদ্যালয় (মাদরাসা)
كُلِّيَّة ج كُلِّيَّاتٌ	কলেজ
جامِعَةٌ ج جامِعاتٌ	বিশ্ববিদ্যালয়
دَوْرَةٌ ج دَوْراتٌ	কোর্স
عامٌ دِرَاسِيٌّ	শিক্ষাবর্ষ
فَصلٌ دِرَاسِيٌّ	শিক্ষা সেমিস্টার
جَدْوَلُ الدُّرُوْسِ	ক্লাস রুটিন
مُخْتَبَرٌ ج مُخْتَبَرات	পরীক্ষাগার, গবেষণাগার, ল্যাব
اِمتِحانٌ، اختِبارٌ	পরীক্ষা
اِمتِحانٌ أُسبُوعِيٌّ	সাপ্তাহিক পরীক্ষা
اِمتِحانٌ فَصْلِيٌّ	সাময়িক পরীক্ষা
وَرَقَةُ الأَسْئِلَةِ	প্রশ্নপত্র

مَعْهَدٌ ج مَعاهِدُ	ইনস্টিটিউট, প্রতিষ্ঠান
أكادِيْمِيَّة ج أكادِيْمِيَّات	একাডেমি
مَدرسةٌ إبتدائِيَّةٌ	প্রাথমিক বিদ্যালয়
مدرَسَةٌ ثانَوِيَّةٌ	মাধ্যমিক বিদ্যালয়
مدرسَةٌ عالِيَةٌ	উচ্চ বিদ্যালয়
قاعَةٌ دِرَاسِيَّةٌ	ক্লাসরুম, দরসগাহ
ساحَةُ المؤَسَّسَات التربَوِيَّة،	শিক্ষাঙ্গন
حَرَم الجامعة/ سَاحَةُ الجَامعة	ক্যাম্পাস/ বিশ্ববিদ্যালয় আঙিনা
طَالِبٌ ج طُلَّابٌ\طَلَبَةٌ	ছাত্র
طالبَةٌ ج طالباتٌ	ছাত্রী
زَمِيْلٌ في الدِّراسة	সহপাঠী
صَفٌّ	শ্রেণী
فَصْلٌ ج فُصولٌ	শ্রেণিকক্ষ, সেমিস্টার
رَسْمٌ ج رُسُوْمٌ	ফি
نَتائِجُ الإمتِحانِ	পরীক্ষার ফলাফল
مُمتَحِنٌ، مُختَبِرٌ	পরীক্ষক
مُترَشِّحٌ للامتِحَان	পরীক্ষার্থী
جَرَسٌ ج أجْرَاسٌ	বেল

بَرَّايَةٌ ج بَرَّايَاتٌ	কাটার
وَرَقَةٌ ج وَرَقَاتٌ	কাগজ
كُرَّاسَةٌ، دَفْتَرٌ	খাতা
مُذَكِّرَةٌ ج مذكِّراتٌ	ডায়েরী
دَفْتَرُ الملاحظات	নোট বুক
صفحَة بَيضَاء	সাদা পেইজ
وَرَقَةٌ مَصْقُولَةٌ	আর্ট পেপার
سَبُّورَةٌ ج سَبُّوْرَاتٌ	ব্লাকবোর্ড
مُتَدَرِّبٌ ج مُتَدَرِّبُون	প্রশিক্ষণার্থী
تَدرِيبُ المدَرِّسِينَ	শিক্ষক প্রশিক্ষণ
أَمِينُ التَّعْلِيْمِ، عَمِيْدُ التَّعْلِيْم	শিক্ষাসচিব
مُرَاقِبٌ ج مُرَاقِبون	পরিদর্শক
دَفْتَرُ الحُضُور	হাজিরা খাতা
اِسْتِمارَةٌ	ফরম
اِلتِحَاقٌ (ب)	ভর্তি
عالِمٌ تَرْبَوِيٌّ	শিক্ষাবিদ
مَجْلِسُ التَّعليمِ	শিক্ষাবোর্ড
رِحْلَةٌ تَرْبَوِيَّةٌ	শিক্ষাভ্রমণ
مُقَرَّرٌ، كِتَابٌ دِرَاسِيٌّ	পাঠ্য বই


كِتَابَةٌ، تَحْرِيرٌ، تَصْنِيفٌ	লেখা
خَطُّ اليَد	হাতের লেখা
تَوقِيعٌ ج تَوْقِيْعَاتٌ	স্বাক্ষর
حَرْفٌ ج حُرُوفٌ/ أَحْرُفٌ	হরফ, অক্ষর
قَلَمٌ ج أقلامٌ	কলম
قَلَم الرَّصَاصِ	পেন্সিল
قَلَمٌ جَافٍ	শিষ কলম
قَلَمُ حِبْرٍ نَاشِفٍ	বলপেন
حِبْرٌ ج أَحْبَارٌ،حُبُوْرٌ	কালি
حِبْرٌ مُلَوَّنٌ	রঙিন কালি
قَلَم الحِبْر	ফাউন্টেন পেন
دواة، محبرة ج محابر	দোয়াত
مِداد	কালি
مِمْحَاةٌ، مَطَّاطٌ	রাবার
مَسَّاحَةٌ ج مَسَّاحَاتٌ	ডাস্টার
طَبْشُورَةٌ ج طَبَاشِيرُ	চক
قاعَةُ الإمتِحان	পরীক্ষার হল
رَسْمٌ شَهْرِيٌّ	মাসিক খরচ

رَفٌّ ج رُفُوْفٌ	তাক, সেল্ফ
دَكَّةٌ ج دِكَاكٌ	বেঞ্চ
مُسَجِّلَةٌ ج مُسَجِّلات	রেকর্ডার
مُكَبِّرُ الصَّوْتِ	সাউন্ড বক্স/মাইক
جِهَازُ العَرْضِ	প্রজেক্টর
حاسوبٌ ج حَواسِيْبُ	কম্পিউটার
حَاسُوبٌ مَحْمُولٌ	ল্যাপটপ
شَاشَةٌ ج شَاشاتٌ	স্ক্রিন, পর্দা
آلَةٌ حاسِبَةٌ	ক্যালকুলেটর
خَرِيْطَةٌ / أطلَسٌ	ম্যাপ
بَرْنامَجٌ ج بَرامِجُ	প্রোগ্রাম
كُرْسِيٌّ ج كَراسِيٌّ	চেয়ার
مِنْضَدَةٌ ج مَنَاضِدُ	তেপায়া
مِنَصَّةٌ / مَنَصَّةٌ ج مَنَصَّاتٌ	মঞ্চ
عَرِيْضَةٌ، طَلَبٌ	দরখাস্ত
مِذْيَاعٌ، مَيْكْرُوْفُوْن	মাইক্রোফোন
رِسَالَةٌ ج رَسائِلُ	চিঠি, পত্র
خَرّامَةٌ ج خَرّاماتٌ	পাঞ্চ মেশিন

صُنْدُوْقٌ هَنْدَسِيٌّ، مُرَبَّعُ الهَنْدَسَة	জ্যামিতি বক্স
بِطاقَةٌ شَخْصِيَّةٌ ، بِطاقَةُ التَّعْرِيفِ	পরিচয়পত্র
بِزَّةٌ /بِذْلَةٌ/ بَدْلَةٌ	ইউনিফর্ম
تَنْضِيْدٌ	কম্পোজ/টাইপ
كُلِّيَّة كَادِيْت	ক্যাডেট কলেজ
مِنْحَةٌ دِرَاسِيَّةٌ، مُكَافَأةٌ	বৃত্তি, স্কলারশিপ
كَشْفُ الدَّرَجَاتِ	নম্বরপত্র, মার্কশীট
دِرَاسَةٌ إسْلَامِيَّةٌ	ইসলামিক স্টাডি
مَكْتَبَةٌ ج مَكْتَبَاتٌ	লাইব্রেরি/গ্রন্থাগার
مَكْتَبَة مُتَجَوِّلَة، مَكْتَبَة مُتَنَقِّلَة	ভ্রাম্যমান গ্রন্থাগার
أَمِينُ المكْتَبَةِ	গ্রন্থাগারিক
مَعْرِضُ الكُتُبِ	বইমেলা
مُؤَلَّفاتٌ/مُصَنَّفات	গ্রন্থাবলী
جَمِيْعُ الحُقُوْق مَحْفُوْظَةٌ	সর্বস্বত্ব সংরক্ষিত
بُوْصَلَةٌ، فَرْجَار	কম্পাস,দিক নির্ণয় যন্ত্র
مِنْقَلَةٌ	সমকোণ, রেস্ট স্কোয়ার
كُوْسٌ	চাঁদা, কোণ মাপক যন্ত্র
بُوصَلَة لتقسِيْم الخُطُوط	রেখা বিভূক্ত করার কম্পাস

الغِلاَف الوَرَقِيُّ	পেপার ব্যাক
مُجَلَّدُ الغِلاَف	হার্ড কভার
مُثَقِّلَةٌ	পেপার ওয়েট
دار الطَّبْع/ مَطْبَعة	ছাপাখানা
آلة الطِّباعة / مِطبَعَة	ছাপার মেশিন, প্রিন্টার
نَشْرٌ وتَوْزِيعٌ	প্রকাশনা ও পরিবেশনা
نَاشِرٌ ج ناشرون	প্রকাশক
شَهَادَةٌ ج شهادات	সার্টিফিকেট

نُسْخَة مُصَوَّرَة، نُسْخَة طِبْقَ الأَصْل	ফটোকপি
تَصْوِيرٌ	ফটোকপি করা
مَكْتَبَةٌ عَامَّةٌ	গণগ্রন্থাগার
مَكتَبَةٌ مَرْكَزِيَّةٌ	কেন্দ্রীয় লাইব্রেরি
تَقرِيرٌ سَنَوِيٌّ	বার্ষিক রিপোর্ট
صِحَافَةٌ	সাংবাদিকতা
مِسْطَرَةٌ	রুলার
مَجَلَّةٌ حَائِطِيَّةٌ، جَرِيدَةٌ حَائِطِيَّةٌ / جدارية	দেয়ালিকা



الألفاظ المتعلقة بالسكن

مُؤَجِّرٌ/ مُسْتأجِر	বাড়িওয়ালা
إيجارٌ	ভাড়া
مُخَطَّطٌ ج مُخَطَّطات	প্রকল্প/ হাউজিং
قِطاعٌ ج قِطاعات	সেক্টর, খাত/ বিভাগ
حَمَّامٌ ج حَمّامات	বাথ রুম/গোসলখানা
مِرْحاضٌ/بيتُ الخَلاء	টয়লেট/শৌচাগার

سَطْحٌ ج سُطُوْحٌ	ছাদ/উপরিভাগ
أَرْضِيَّةٌ ج أرْضِيّات	ভূমি/ ঘরের মেঝে
سَقْفٌ ج سُقوفٌ/ أَسْقُفٌ	ছাদ
حائِطٌ/جِدارٌ	দেয়াল
بابٌ ج أبوابٌ	দরজা
شُبّاكٌ/نافذةٌ	জানালা

পানির টেপ	صَنْبور ج صَنابير
পানির কল	حَنَفِيّةٌ ج حَنَفِيّات
বিছানার চাদর	شَرْشَفٌ
আলমারি	دُوْلاب ج دَوَاليب
